তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# চট্টগ্রাম কলেজে ছাত্রলীগের মারামারি : আহত ৬

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম কলেজের ইংরেজি বিভাগের সেমিনারে বসা নিয়ে কথা কাটাকাটির জেরে ছাত্রলীগের দুই গ্রুপের মারামারিতে অন্তত ৬ জন আহত হয়েছে। গতকাল কলেজ চলাকালে ১২টার দিকে নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নুরুল আজিম রনির অনুসারী মনির ও কথিত যুবলীগ নেতা নুর মোস্তফা টিনুর অনুসারী সবুজ গ্রুপের মধ্যে এই ঘটনা হটে। আহতরা হলেন– আবদুল্লাহ আল সায়মুন (১৯), দুর্জয় (২২) মনিরুল ইসলাম (১৮), কায়সার উদ্দিন (২১), নাছিম ও হাসান।

এ বিষয়ে চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ প্রফেসর জেসমিন আক্তার বলেন, সেমিনারে বসা নিয়ে ইংরেজি বিভাগে ছাত্রদের মধ্যে মারামারির খবর শুনেছি। পুলিশকে খবর দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। চকবাজার থানার ওসি নুরুল হুদা জানান, সেমিনারে বসাকে কেন্দ্র করে ইংরেজি বিভাগের ২য় বর্ষের কিছু ছাত্রের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে লাটিসোটা দিয়ে মারধরে ৪-৫ জন আহত হয়। আহতদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়া হচ্ছে।

চকবাজার যুবলীগ নেতা নুর মোস্তফা গ্রুপের অনুসারী চট্টগ্রাম কলেজ ছাত্রলীগ নেতা সুভাস মল্লিক সবুজ বলেন, নুরুল আজিম রনি গ্রুপের অনুসারী মনিরুল ইসলাম পড়ে সমাজবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষে। ইংরেজি বিভাগে এসে আমার কর্মীদের বলে সেমিনারে নুরুল আজিম গ্রুপ ছাড়া আর কেউ বসবে না। তখন আমার কর্মীদের সঙ্গে মনিরের কর্মীদের সাথে কথা কাটাকাটি হলে আমার কর্মীদের মারধর করে। এতে নাছিম, হাসান, কায়সার উদ্দিন আহত হয়েছে।